

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজাজল হোসেন মালিক মিহি

কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

১০:০০ ২০ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ



ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

বাংলাদেশ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে রাবিবার সাধারণ ছাত্র-ছাত্রীদের সরকারি চাকরিতে কোটা সংক্ষার এবং শিক্ষার্থীদের উপর পুলিশের হামলা ও মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের উদ্যোগে ক্যাম্পাসে এ বিক্ষোভ মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিলটি বিশ্ববিদ্যালয় জয় বাংলা ভাস্কর্য থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে জয় বাংলা ভাস্কর্যে এসে শেষ হয়। মিছিল শেষে সমাবেশে বক্তব্য রাখেন কবি নজরুল বিশ্ববিদ্যালয় সাধারণ ছাত্র-ছাত্রী অধিকার সংরক্ষণ পরিষদের আহবায়ক জাহিদুল হক, সিনিয়র যুগ্ম আহবায়ক সাকিব আহমেদ, গোলাম মোস্তফা লিটন প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্থ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত